



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
আইন -১  
www.lgd.gov.bd



স্মারক নম্বর: ৪৬.০২০.০০৪.০১.০০.১৪২.২১-১০৭১

তারিখ: ১৬ ভাদ্র ১৪২৮

৩১ আগস্ট ২০২১

বিষয়: রিট পিটিশন নং- ৩৬১৫/২০২১ এ সরকার পক্ষে Vacate করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত।

সূত্র: বাংলাদেশ সুপ্রিম কোর্ট-এর হাইকোর্ট বিভাগ-এর সহকারী রেজিস্ট্রার কার্যালয় থেকে ১০/০৬/২০২১ তারিখে প্রেরিত।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বগুড়া জেলার বিভিন্ন ইউনিয়ন পরিষদে হিসাব সহকারী কাম কম্পিউটার অপারেটর পদে রাজস্বখাতে চাকুরী আত্মীকরণের বিষয়ে ১১/০৯/২০১৯ তারিখের ৯৮৩(১০০) নং স্মারকের নিয়োগ বিজ্ঞপ্তিকে চ্যালেঞ্জ-এর বিষয়ে স্থানীয় সরকার বিভাগের সিনিয়র সচিব মহোদয়সহ ০৭ (সাত) জনকে প্রতিপক্ষ করে এই রিটটি দায়ের করা হয়। হাইকোর্ট বিভাগ শুনানি অন্তেঃ রুল ইস্যুপূর্বক প্রতিপক্ষগণের প্রতি কারণ দর্শানোর আদেশ দিয়েছেন। বিজ্ঞ আদালত তর্কিত বিষয়ে ০৩ (তিন) মাসের স্থগিতাদেশ দিয়েছেন। রিটের ৬নং প্রতিপক্ষ জেলা প্রশাসক, বগুড়া।

২। এমতাবস্থায়, বিবেচ্য মোকদ্দমায় জবাব দাখিলের জন্য প্রয়োজনে সময়ের আবেদন দাখিলসহ তর্কিত বিষয়ে সরকার পক্ষে মামলা প্রতিদ্বন্দ্বিতা ও লিভ টু আপিল দায়ের করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এ বিভাগের সিনিয়র সচিব মহোদয় কর্তৃক স্বাক্ষরিত ওকালতনামা নির্দেশক্রমে এ সঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি:.....(পাতা)।

৩১-৮-২০২১

মোঃ মহিউদ্দীন শামীম

সহকারী সচিব

ফোন: ৯৫৪০৯৯৫

ইমেইল: lglaw1@lgd.gov.bd

সলিসিটর (যুগ্ম সচিব)

সলিসিটর অনুবিভাগ

আইন ও বিচার বিভাগ

স্মারক নম্বর: ৪৬.০২০.০০৪.০১.০০.১৪২.২১-১০৭১/১(৫)

তারিখ: ১৬ ভাদ্র ১৪২৮

৩১ আগস্ট ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) অ্যাটর্নি জেনারেল, অ্যাটর্নি জেনারেল এর কার্যালয়, বাংলাদেশ সুপ্রিম কোর্ট, শাহাবাগ, ঢাকা-১০০০।
- ২) যুগ্মসচিব, আইন অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ
- ৩) উপসচিব, ইউনিয়ন পরিষদ -১ শাখা, স্থানীয় সরকার বিভাগ
- ৪) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, স্থানীয় সরকার বিভাগ
- ৫) সহকারী প্রোগ্রামার, সহকারী প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ

৩১-৮-২০২১

মোঃ মহিউদ্দীন শামীম

সহকারি সচিব